



পিআইবি'র ইনোভেশন টিম এর ২৫.১১.২০১৯ তারিখ সকাল ১১.০০ টায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

পিআইবি'র ইনোভেশন টিম এর একটি সভা ২৫.১১.২০১৯ তারিখ সকাল ১১.০০ টায় পরিচালক (প্রশাসন) জনাব মো. ইলিয়াস ভূইয়া-এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ নিম্নরূপঃ

ক্র.নং	নাম ও পদবী	কমিটির পদবী
১.	ড. কামরুল হক, গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি), চ.দা	সদস্য
২.	মোহাম্মদ আব্দুল মান্নান, প্রশিক্ষক	সদস্য
৩.	মো. জাকির হোসেন, উপপরিচালক (প্রশাসন), চ.দা	সদস্য
৪.	মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অ.দা	সদস্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

কমিটির সদস্য জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা জানান, পিআইবি'র প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী নির্বাচনে পুনরাবৃত্তি (Duplication) রোধকল্পে প্রশিক্ষণার্থী সাংবাদিকদের ডাটাবেজসহ ট্রেনিং ম্যানেজমেন্ট সিস্টেম ক্রয়ের জন্য ইতিমধ্যে টেকনিক্যাল স্পেসিফিকেশন তৈরি করা হয়েছে। সে অনুযায়ী প্রশাসনিক কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া পিআইবি'র মোবাইল এপ্লিকেশন তৈরির বিষয়ে মোবাইল গেইমস প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ থেকে উদ্যোগ নেয়া হয়েছে। সে অনুযায়ী কাজ চলছে।

পিআইবি গ্রন্থাগারের সকল বইয়ের ক্যাটালগ কম্পিউটারাইজ করায় সংশ্লিষ্ট সেবা গ্রহণকারীদের সেবা প্রদান প্রক্রিয়া সহজ হয়েছে। তাছাড়া ২০১৯-২০২০ অর্থবছরে গৃহীত উদ্ভাবনগুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। “অনলাইনে সাংবাদিকদের প্রশিক্ষণের ব্যবস্থা” বিষয়ক কার্যক্রমটি গত কয়েক বছর ধরে সন্তোষজনকভাবে চলমান রয়েছে। বর্তমানে যে চারটি বিষয়ের উপর অনলাইন কোর্স চলমান রয়েছে তা সম্পন্ন হয়ে মূল্যায়ন প্রক্রিয়া চলমান রয়েছে। আগামী জানুয়ারি ২০২০ থেকে নতুন করে চারটি কোর্স শুরু হবে। এছাড়া পিআইবি'র কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিমূলক বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

তাছাড়া সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম সম্পাদনের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে সহযোগিতার অনুরোধ জানান।

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো. ইলিয়াস ভূইয়া)
ইনোভেশন অফিসার
ও
পরিচালক (প্রশাসন)